

**বেসরকারী শিক্ষকদের বেতন-ভাতা**

সরকার বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের প্রাপ্য সরকারী অনুদানের ওয়াকিতির টাকা যথাসময়ে পরিশোধ না করায় দেশের দুর্লভাধিক শিক্ষক-কর্মচারী অবর্ণনীয় দুঃখ দুর্দশার সম্মুখীন হয়েছেন। উল্লেখ্য, প্রতি তিন মাস অন্তর সরকার দেয় উক্ত টাকা পরিশোধের সময়সীমা বিগত ফেব্রুয়ারী মাসে অতিক্রান্ত হয়ে গেছে। বর্তমানে এ আধিক অনিশ্চয়তার ৫ম মাস অতিক্রান্ত হওয়া সত্ত্বেও অনুদানের টাকা প্রদানে সরকারের বৃহৎসংখ্যক মীরমতা শিক্ষকদের দারুণভাবে হতাশ করেছে।

অপরদিকে মহামান্য রাষ্ট্রপতি ঘোষিত বেসরকারী শিক্ষকদের বেতনের ৭০ শতাংশ টাকা আনুয়ারী ৮৭ থেকে মাসে মাসে প্রদানের অঙ্গীকার বাস্তবায়নেরও কোন সুস্পষ্ট সঙ্কল্প নেই। ২০শে এপ্রিল ৮৬ইং সম্পাদিত শিক্ষক নেতৃবৃন্দের সাথে সরকারের চুক্তিও ভেঙে গেছে। এ অনিশ্চয়তা আর কতদিন? দেশের নাথ নাথ সরকারী কর্মচারী টাইমস্কেলের সুবিধা ভোগ করছেন অথচ বেসরকারী শিক্ষকদের টাইমস্কেল প্রদান এবং ৩য়, ৪র্থ শ্রেণীর কর্মচারীদের জাতীয় বেতনস্কেলভুক্ত করণের দাবী এখনো হিমাগারে সংরক্ষিত। একই দেশে দু'ধরনের আইনগত অগত্রে নজিরবিহীন।

এমনিতেই বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের অধিকাংশই আধিক দৈন্যদশার শিকার, সুতরাং অনুদানের টাকা ঠিক সময়ে প্রাপ্তির শিক্ষকদের একমাত্র ভরসা।

সংশ্লিষ্ট কতৃপক্ষকে এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য আবেদন জানাই।

এ.কে. এম শারফুদ্দিন  
 সিনিয়র ধর্মীয় শিক্ষক, দেওদীঘি  
 কে. এম উচ্চ বিদ্যালয়, ডাকঘর  
 দেওদীঘি, চট্টগ্রাম।